

সিলেটে শিক্ষামন্ত্রী নাহিদ নতুন শিক্ষানীতির বিরুদ্ধে একটি মহল ষড়যন্ত্র শুরু করেছে

সিলেট অফিস : শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, রূপকল্প ২০২১ বাস্তবায়ন সরকারের একমুখ পক্ষে সমর্থন নয়। সরকার যে কাজ শুরু করেছে তা বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, এখানের এসএসসি পরীক্ষায় আগামুদ্রণ ফলাফল হয়েছে। তবে যেখানকার প্রমাণ পড়ে তুমতে আগামীতে আরো ভালো করতে হবে। মন্ত্রী বলেন, নতুন শিক্ষানীতি বাস্তবায়ন করতে সরকার বড় পরিকল্পনা। কিন্তু এ শিক্ষানীতির বিরুদ্ধে একটি মহল নানা ষড়যন্ত্র শুরু করেছে। এদের ব্যাপারে আমরা সবাই সতর্ক থাকতে হবে। গতকাল শনিবার বেলা ১টাখ সিলেট মহিলা কলেজ অডিটোরিয়ামে বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের উদ্যোগে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের কল্যাণ সুবিধার চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রভাবক বনজল ইসলাম সোয়েবের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব অধ্যক্ষ শাহজাহান আহমদ শাহ। সিলেট শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর এনএম আবদুল গালেক, সিলেট মহিলা কলেজের অধ্যাপকসহ ড. মজরুল হক, প্রভাবক সূধাত আলী মুকিত, শিক্ষিকা সালমা বাসিত প্রমুখ।

শিক্ষানীতি বাস্তবায়নে শিক্ষামন্ত্রীকে শাবির শিক্ষকদের স্মারকসিপি এনিকে শিক্ষানীতি দ্রুত বাস্তবায়নের জন্য সিলেটের শাহজাহান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদকে স্মারকসিপি দিয়েছেন। শাবির পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ড. নাঈয়া চৌধুরীর নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল শনিবার সিলেট সার্কিট হাউজে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের বিসিট এ স্মারকসিপি প্রদান করেন। স্মারকসিপিতে বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ১২ শিক্ষক-শিক্ষার্থী স্বাক্ষর করেছেন। স্মারকসিপি ছাড়াও ২৫ ফুট দীর্ঘ একটি কাপড়ের ব্যানারে শিক্ষানীতির পক্ষে পঁচ শতাধিক শিক্ষক-শিক্ষার্থীর স্বাক্ষর সন্নিবিষ্ট আরেকটি স্মারকও তুলে দেয়া হয় শিক্ষামন্ত্রীর কাছে।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, আগামী সোমবার মন্ত্রিসভার বৈঠকে নতুন শিক্ষানীতির বিষয়ে আলোচনা হবে এবং পাস করার সীতিমত সিদ্ধান্ত হতে পারে।